

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:22-09-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

ICFAI University Convocation :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির 'বিকশিত ভারত মিশনে' দেশ শিক্ষাক্ষেত্রে প্রধান শক্তি হয়ে উঠবে। গতকাল ইকফাই বিশ্ববিদ্যালয়ের ১৯তম সমাবর্তন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, ছাত্রছাত্রীদের জীবন গড়ে তোলার জন্য শিক্ষাই হল সবচেয়ে শক্তিশালী মাধ্যম। উচ্চশিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকার জন্য তিনি এই বিশ্ববিদ্যালয়ের ভূয়সী প্রশংসা করেন। তিনি ডিগ্রি অর্জনকারী ছাত্রছাত্রীদের দেশ ও জাতির কল্যাণে ব্রতী হওয়ার আহ্বান জানান।

Govt at Tripura Finance Dept. :

আসন্ন শারদ উৎসব উপলক্ষ্যে রাজ্য সরকার সরকারী কর্মচারীদের জন্য উৎসব অনুদান ঘোষণা করেছে। অর্থদপ্তর অনুমোদিত গ্রুপ-সি নিয়মিত বেতনক্রমে নিযুক্ত স্থির বেতনের কর্মী-সহ গ্রুপ-সি বিভাগের কর্মচারীদের জন্য অনুদানের পরিমাণ নির্ধারিত হয়েছে ২ হাজার টাকা। একইরকমভাবে গ্রুপ-ডি কর্মচারী ও কর্মীদের জন্যও ২ হাজার টাকা এবং ডি.আর.ডব্লিউ কর্মীদের জন্য অনুদান ২ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। এছাড়া অর্থ দপ্তর অনুমোদিত পার্ট টাইম ওয়ার্কার্স, কন্ট্রাকচুয়াল, ক্যাজুয়েল কর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা হোমগার্ড ও এস.পি.ও-দের জন্য মঞ্জুর করা হয়েছে ২২০০ টাকা।

পেনশনার ফ্যামিলি পেনশনার এবং সরকার পরিচালিত মন্দিরের পুরোহিতদের জন্য মঞ্জুর করা হয়েছে ২ হাজার টাকা করে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিসড কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

Bangladesh-Hilsa Fish :

বাংলাদেশের অন্তর্বর্তী সরকার আসন্ন দুর্গাপূজা উপলক্ষ্যে ভারতে তিন হাজার মেট্রিক টন ইলিশ মাছ রফতানির অনুমোদন দিয়েছে। সেদেশের বাণিজ্য মন্ত্রালয়ের উপসচিব সুলতানা আখতার এই খবর জানিয়েছেন।

PM-JUGA-Khowai :

খোয়াই জেলার ৩৭টি গ্রামকে 'প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযান' প্রকল্পের আওতায় আনা হবে। এরমধ্যে মুন্সিয়াকামী ব্লকের ৭টি, পদ্মবিল ব্লকের ১০টি, তুলাশিখর ব্লকের ১৩টি, কল্যাণপুর ব্লকের ৩টি এবং তেলিয়ামুড়া ব্লকের অন্তর্গত ৪টি গ্রাম রয়েছে। জেলাশাসক চান্দনী চন্দ্রন জানান, এই কর্মসূচির আওতায় বিভিন্ন ভিলেজ এলাকায় বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নমূলক

পরিকল্পনা রূপায়ণ করা হবে। বিভিন্ন দপ্তর এই পরিকল্পনাগুলি রূপায়ণ করবে।

Detain of 14 nos. Bangladeshi :

বেআইনি অনুপ্রবেশের অভিযোগে গতকাল সন্ধ্যায় আগরতলা রেল স্টেশন থেকে চার মহিলা-সহ এগারজনকে আটক করা হয়েছে। রেল থানার ওসি তাপস দাস জানিয়েছেন, ধৃত বাংলাদেশীদের আজ আদালতে হাজির করা হবে। তারা আগরতলা থেকে ট্রেনে করে দেশের বিভিন্ন রাজ্যে যাওয়ার জন্য এসেছিল বলে জানানো হয়।

DYFI / TYF :

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের শূন্যপদ অবিলম্বে পূরণ করা, আউটসোর্সিং প্রথায় লোক নিয়োগ পদ্ধতি বাতিল করা, নিয়োগের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখা ইত্যাদি দাবিতে গতকাল ডি.ওয়াই.এফ.আই এবং টি ওয়াই এফ-এর পক্ষ থেকে রাজ্যের বিভিন্ন স্থানে ডেপুটেশন দেওয়া হয়। পশ্চিম জেলা জেলাশাসক ডক্টর বিশাল কুমারের কাছে ডেপুটেশনকালে এই দুটি সংগঠনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন কৌশিক রায় দেববর্মা এবং অরিন্দম বিশ্বাস। গোমতী জেলার জেলাশাসকের কাছে স্মারকলিপি প্রদান করার আগে একটি মিছিল উদয়পুর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। একই দাবিতে খোয়াই জেলাশাসকের কাছেও স্মারকলিপি প্রদান করা হয়।

100 Days :

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী ডঃ এল. মুরুগান বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সরকার তৃতীয়বার

গঠিত হওয়ার পর প্রথম ১০০ দিনে জনকল্যাণমূলক প্রকল্পের জন্য ১৫ লক্ষ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। গতকাল তামিলনাড়ুর থুথুকুডিতে বক্তৃতাকালে তিনি বলেন, পরিকাঠামোর জন্য এবং মহিলাদের নেতৃত্বাধীন পরিবারের জন্য সরকার তিন লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে। তিনি বলেন, তামিলনাড়ুর ১১টি শহরে এফএম রেডিও স্টেশন স্থাপন করা হবে।

Chandra Smriti League :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত ফরোয়ার্ড ক্লাব ও জুয়েলস এসোসিয়েশনের মধ্যে খেলাটি ৩-৩ গোলে শেষ হয়। ফলে উভয় দল ১ পয়েন্ট করে পায়।

Weather :

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু'এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রি সেলসিয়াস।
